

💵 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৯৫

৮/ মসজিদ (کتاب المساجد)

পরিচ্ছেদঃ ৭/ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মসজিদে ও এর ভিতরে নামায পড়ার ফযিলত।

আরবী

أَخْبَرَنَا كَثِيرُ بْنُ عُبَيْد، قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَرْب، عَنِ الزُّبَيْدِيّ، عَنِ الزُّهْرِيّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَٰنِ، وَأَبِي عَبْدِ اللَّهِ الأَغْرِّ، مَوْلَى الْجُهَنِيّينَ وَكَانَا مِنْ أَصْحَابِ أَبِي هُرَيْرَةَ أَنَّهُمَا سَمِعَا أَبَا هُرَيْرَةَ يَقُولُ صَلَاةٌ فِي مَسْجِد رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَفْضَلُ مِنْ أَلْف صَلَاةٍ فِيمَا سِواهُ مِنَ الْمَسَاجِدِ إِلاَّ الْمَسْجِدَ الْحَرَامَ فَإِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم آخِرُ الأَنْبِيَاءِ وَمَسْجِدُهُ آخِرُ الْمَسَاجِدِ . قَالَ أَبُو سَلَمَةَ وَأَبُو عَبْدِ صلى الله عليه وسلم آخِرُ الأَنْبِيَاءِ وَمَسْجِدُهُ آخِرُ الْمَسَاجِد . قَالَ أَبُو سَلَمَةَ وَأَبُو عَبْدِ اللَّهِ لَمْ نَشُكُ أَنَّ أَبَا هُرَيْرَةَ فِي ذَلِكَ الْحَديث رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَمُنِعْنَا أَنْ نُسَاتُثْبِتَ أَبًا هُرَيْرَةَ فِي ذَلِكَ الْحَديث حَتَّى يُسْنِدَهُ إِلَى رَسُولِ اللهِ عليه وسلم وَتَلَاوَمْنَا أَنْ لاَ نَكُونَ كَلَّمْنَا أَبَا هُرَيْرَةَ فِي ذَلِكَ حَتَّى يُسْنِدَهُ إِلَى رَسُولِ اللهِ عليه وسلم إنْ كُونَ كَلَّمْنَا أَبًا هُرَيْرَةَ فِي ذَلِكَ حَتَّى يُسْنِدَهُ إِلَى رَسُولِ اللهِ عليه وسلى الله عليه وسلى الله عليه وسلم إنْ كَانَ سَمِعَهُ مِنْهُ فَبَيْنَا نَحْنُ عَلَى ذَلِكَ جَالَسْنَا عَبْدَ اللّهِ بْنُ الْمَسَاجِدِ قَلَى الله عليه وسلم " فَإِنِي الْمَسَاجِدِ " . أَبْرُاهِيمَ أَشْهَدُ أَنِي سَمِعْتُ أَبًا هُرَيْرَةَ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فَإِنِي أَجْرُ الْأَنْبِيَاءِ وَإِنَّهُ آخِرُ الْمُسَاجِدِ " .

বাংলা

৬৯৫। কাছীর ইবনু উবায়দ (রহঃ) ... আবূ সালামা ইবনু আবদুর রহমান এবং জুহানীদের মুক্তি প্রাপ্ত গোলাম আবূ আব্দুল্লাহ আগার (রহঃ) থেকে বর্ণিত, যারা আবূ হুরায়রা (রাঃ)-এর সঙ্গী ছিলেন, তাঁরা আবূ হুরায়রা (রাঃ)-কে বলতে শুনেছেনঃ মসজিদে নববীর এক সালাত মসজিদে হারাম ব্যতীত অন্যান্য মসজিদের এক হাজার সালাত থেকে উত্তম। কেননা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বশেষ নবী, আর তার মসজিদ সর্বশেষ মসজিদ। আবূ সালামা এবং আবূ আবদুল্লাহ বলেনঃ আমাদের সন্দেহ ছিল না যে, আবূ হুরায়রা (রাঃ) রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস থেকে এটা বর্ণনা করতেন।



আবৃ হুরায়রা (রাঃ) এ হাদিস রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে যদি শুনেই থাকতেন তবে তার থেকে বর্ণনা করলেন না কেন? আমরা এই অবস্থায় ছিলাম এমন সময় আব্দুল্লাহ ইবনু ইবরাহীম ইবনু কারিয় আমাদের নিকট এসে বসলেন, তখন আমরা এই হাদীসের ব্যাপারে আলোচনা করলাম এবং আমরা যে আবৃ হুরায়রা (রাঃ)-এর হাদীসের বর্ণনায় তাঁকে জিজ্ঞাসা করতে অবহেলা করেছি, তাও বললাম। আব্দুল্লাহ ইবনু ইবরাহীম বললেন, আমি সাক্ষ্ম দিচ্ছি যে, আমি আবৃ হুরায়রা (রাঃ)-কে বলতে শুনেছি, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি সর্বশেষ নবী আর এ মসজিদ সর্বশেষ মসজিদ।

English

It was narrated from Abu Salamah bin 'Abdur-Rahman and Abu 'Abdullah Al-Agharr, the freed slave of the Juhanis - better of whom were companions of Abu Hurairah - that they heard Abu Hurairah say:

"One prayer in the Masjid of the Messenger of Allah (**) is better than one thousand prayers offered in other mosques, except Al-Masjid Al-Haram, for the Messenger of Allah (**) was the last of the prophets and his Masjid was the last of the Masjids." Abu Salamah and Abu 'Abdullah said: "We do not doubt that Abu Hurairah was speaking on the basis of the Hadith of the Messenger of Allah (**), but we could not verify that Hadith with Abu Hurairah before he died. Then we remembered that and we blamed one another for not having spoken to Abu Hurairah about that, so that he could attribute it to the Messenger of Allah (**) if he had indeed heard it from him. While we were arguing, we went and sat down with 'Abdullah bin Ibrahim bin Qariz, and we told him about the Hadith and how we had been negligent in not checking it with Abu Hurairah. 'Abdullah bin Ibrahim said to us: 'I bear witness that I heard Abu Hurairah say: The Messenger of Allah (**) said: I am the last of the prophets and it is the last of the Masjids.'"

ফুটনোট

সহিহ, ইবনু মাজাহ হাঃ ১৪০৪, বুখারি হাঃ ১১৯০, "আমি সর্বশেষ নাবী আর তা সর্বশেষ মসজিদ" অংশ বাদে। মুসলিম (ইসলামিক সেন্টার) হাঃ ৩২৩৯

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন